দৈনিক বাংলা

তারিখ ... 31 OCT 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

35

# প্রকাশের আগেই মাইক বাজিয়ে পরীক্ষার ফল বিক্রি

॥ স্টাফ রিপোর্টার ॥

যশোর, ৩০শে অক্টোবর।– আগামীকাল বৃহস্পতিবার যশোর শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার

(৪–এর পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

## পরীক্ষার ফল বিক্রি

(প্রথম পৃঃ পর)

আনুষ্ঠানিক ফল প্রকাশ করা হবে। ইতিমধ্যেই তা ফাঁস হয়ে গেছে এবং মাইক বাজিয়ে টাকার বিনিময়ে বিক্রি করা হচ্ছে।

এক শ্রেণীর টেবুলেটর এবং শিক্ষা বোর্ডের কিছু কর্মকর্তা এর সঙ্গে জড়িত বলে অভিযোগ করা হয়েছে।

সাতক্ষীরায় মাইক বাজিয়ে প্রথম শ্রেণীতে উত্তীর্ণের জন্য ৫০ টাকা, দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণের জন্য ৪০ টাকা ও তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণের জন্য ৩০ টাকা করে ফল বিক্রি করা হচ্ছে।

এবার এই পরীক্ষায় পাসের হার ৬০ দশমিক ১৭। প্রথম হয়েছে ৮৬৬ নম্বর পেয়ে বরিশাল ক্যাডেট কলেজের দেবাশীষ কুমার পাল, দ্বিতীয় হয়েছে ৮৫৯ নম্বর পেয়ে ঝিনাইদহ ক্যাডেট কলেজের এহসানুল হক জনি এবং তৃতীয় হয়েছে বরিশাল ক্যাডেট কলেজের মওদুদ হাসান।

### সাতক্ষীরা

আমাদের সাতক্ষীরা সংবাদদাতা জানান, সরকারী ঘোষণার পূর্বেই মাইকে প্রচার করে সাতক্ষীরায় যশোর বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল বিক্রি হচ্ছে। মঙ্গলবার রাত থেকে শহরের মল্লিকপুর ও কামালনগর এলাকায় ফলাফল কেনার হিড়িক পড়েছে।

আজ বুধবার সকাল ও দুপুরে শহরের এ দুটি স্থানে ফলাফল পাওয়া যাচ্ছে বলে মাইকে প্রচার করা হয়। ফলে দূর-দূরান্ত থেকে বহু ছাত্র-ছাত্রী ও অভিভাবকরা এ দুটি স্থানে ভীড় জমাতে থাকে। ফলাফল বিক্রেতারা প্রথম শ্রেণীতে কৃতকার্যদের নিকট থেকে ৫০ টাকা, দ্বিতীয় শ্রেণীতে ৪০ টাকা এবং তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণদের নিকট থেকে ৩০ টাকা করে আদায় করছে। অকৃতকার্যদের নিকট থেকে নির্ধারিত ১০ টাকা হারে আদায় করা হয়েছে। সাতক্ষীরা কেন্দ্রের প্রায় ৯ শত পরীক্ষার্থীর ফলাফলের একটি শীট (বই) যশোর বোর্ডের অসাধু কর্মচারী-দের মাধ্যমে মোটা অংকের টাকার বিনিময়ে কিনে আনা হয়েছে বলে ফলাফল বিক্রেতাদের নিকট থেকে জানা গেছে।

এ ব্যাপারে জেলা শিক্ষা অফিসার ঘটনা জানেন বলে স্বীকার করেছেন। কিন্তু অতিরিক্ত জেলা প্রশাসক (সাঃ) এ ধরনের সুনির্দিষ্ট কোন অভিযোগ পাননি বলে জানান।